The Financial Express
11 January, 2021




**Dhaka Chamber of Commerce & Industry (DCCI) and Bangladesh Embassy in South Korea jointly organised a two-day online training course on Sunday for the non-resident Bangladeshis staying in South Korea for skilling them up to become entrepreneurs if they return to Bangladesh.**

# DCCI and Bangladesh Embassy, Seoul conduct entrepreneurship training for NRBs

Dhaka Chamber of Commerce & Industry (DCCI) and Bangladesh Embassy in South Korea jointly organised a training for the non-resident Bangladeshis staying in South Korea for skilling them up to become entrepreneurs if they return Bangladesh.

The 2-day online training course was inaugurated on Sunday, said a statement.

During the inauguration of this training course DCCI President Rizwan Rahman in his welcome remarks said that the remittance fighters of Bangladesh working abroad are contributing a lot in the development of our economy. He said about 13 million NRBs sent record USD 18.2 billion in 2019-20. He said the purpose of this training course is to train and motivate the NRBs to become entrepreneur while they return to Bangladesh.

**Continued to page 13**

**Continued from page 9**

This training course will highlight how to get license to start a business, company registration, strategic business plan, selecting place for industry, management of supply chain, accounting, business expansion and procedures of wind-up.

Abida Islam, Ambassador of Bangladesh in Seoul, South Korea said NRBs are contributing a lot in building Bangladesh. She said skills upgrade the workers and make them up-to-date that helps them more competitive to earn more. In the world, demand of Bangladeshi skilled work force is increasing day by day. At present about 10 thousand Bangladeshis are working in South Korea in different professions. Training on entrepreneurship development will increase their self-confidence, she added. She said this training will guide them how to start a business in Bangladesh and they will also get self-confidence to invest.

F M BorhanUddin, Director General, Ministry of Foreign Affairs of Bangladesh said NRBs are contributing a lot to the development of our socio-economic status. He also said that Bangladesh is 8th in the world in terms of remittance earning. In the wake of 4th industrial revolution NRBs will help country through technology transfer. He suggested the NRBs to be skilled and use that skills for the development of the country while returning to the country.

He later officially inaugurated the 2-day training course. Md. Saiful Hasan Badal, Managing Director (Additional Secretary), Bangladesh Overseas Employment and Services Ltd. said we have a good demand of Bangladesh's skilled workers worldwide. Accordingly, we want to send skilled workforce as directed by the Prime Minister. He also requested the NRBs to uphold the positive image of Bangladesh in the world arena.

the daily observer
We stand for people's rights
11 January, 2021

# DCCI, BD Seoul Embassy hold entrepreneurship training for NRBs

**Business Correspondent**

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) and Bangladesh Embassy in South Korea jointly organized a training programme for non-resident Bangladeshi workers (NRBs) in that country.

It aims at developing their skills to become entrepreneur if and when they will come back to the country. The2-day online training course was inaugurated on 10 January by DCCI president Rizwan Rahman.

Bagladesh ambassador to Seoul Ms Abida Islam also participated in the event.

Ridwan Rahman said Bangladeshi nationals working abroad are contributing a lot in the development of our economy. Over 13 million NRBs sent record USD 18.2 billion remittance in 2019-20.

He said the purpose of the training is to train and motivate the NRBs to become entrepreneurs.

This training course will highlight how to get license to start a business, company registration, strategic business plan, selecting place for industry, management of supply chain, accounting, business expansion and procedures of wind-up.

Ambassador Abida Islam said Bangladeshis working in South Korea are contributing a lot in building Bangladesh. She said skills upgradation of workers will make them productive and efficient to be more highly competitive to earn more.

At present about 10 thousand Bangladeshis are working in South Korea. Training on entrepreneurship will development their skill and self-confidence, she said and added that this training will guide them how to start a business in Bangladesh.

Director General, Ministry of Foreign Affairs F M Borhanuddin said NRBs are contributing a lot to the development of our socio-economic development. Bangladesh is 8th in the world in terms of remittance earning.

Managing Director (Additional Secretary), Bangladesh Overseas Employment and Services Ltd. Md Saifuddin Badal said Bangladesh's skilled workers have good demand all over the world. More and more training will add to their demand.

Md. SaifulHasanBadal, Managing Director (Additional Secretary), Bangladesh Overseas Employment and Services Ltd. said we have a good demand of Bangladesh's skilled workers worldwide.Accordingly, we want to send skilledworkforce as directed by the Prime Minister. He also requested the NRBs to uphold the positive image of Bangladesh in the world arena.

daily sun
TRUE & IMPARTIAL
11 January, 2021

# Bangladesh Embassy in Seoul, DCCI conduct training for NRBs

STAFF CORRESPONDENT

**Dhaka Chamber of Commerce** and Industry (DCCI) and Bangladesh Embassy in South Korea jointly organised a training for the non-resident Bangladeshis staying in South Korea to skilling them up to become entrepreneur.

Ambassador of Bangladesh in Seoul, South Korea Abida Islam, Director General, Ministry of Foreign Affairs of Bangladesh F M Borhan Uddin, Managing Director of Bangladesh Overseas Employment and Services Ltd Md Saiful Hasan Badal and DCCI President Rizwan Rahman attended the two-day long training course that ended on Sunday.

Ambassador of Bangladesh in Seoul Abida Islam said NRBs are contributing a lot in building Bangladesh and demand of Bangladeshi skilled work force is increasing day by day globally.

See page Biz-3

"Skills upgrade the workers and make them up-to-date that helps them more competitive to earn more. Training on entrepreneurship development will increase their self-confidence," Abida Islam added.

F M Borhan Uddin said that in the wake of 4th industrial revolution NRBs will help country through technology transfer.

He suggested the NRBs to be skilled and use those skills for the development of the country while returning to the country.

Md. Saiful Hasan Badal, Managing Director (Additional Secretary), Bangladesh Overseas Employment and Services Ltd. said

"we have a good demand of Bangladesh's skilled workers worldwide. Accordingly, we want to send skilled workforce as directed by the Prime Minister", said Bangladesh Overseas Employment and Services Ltd managing director.

Md. Saiful Hasan Badal also requested the NRBs to uphold the positive image of Bangladesh in the world arena.

DCCI President Rizwan Rahman said that the remittance fighters of Bangladesh working abroad are contributing a lot in the development of our economy.

The purpose of this training course is to train and motivate the NRBs to become entrepreneur while they return to Bangladesh.

THE ASIAN AGE
your access to information
11 January, 2021

# DCCI, BD Embassy in Seoul hold training to motivate NRBs

AA Business Desk

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) and Bangladesh Embassy in South Korea on Sunday jointly organized a training for the non-resident Bangladeshis staying in South Korea to skill them up to become entrepreneurs if they return to Bangladesh.

The 2-day online training course inaugurated on 10 January 2021, said a press release.

During the inauguration of the training course, DCCI President Rizwan Rahman said that the remittance fighters of Bangladesh working abroad are contributing a lot in the development of our economy.

He said, 'About 13 million NRBs sent a record $ 18.2 billion in 2019-20.' The purpose of this training course is to train and motivate the NRBs to become entrepreneurs while they return to Bangladesh, he added.

This training course will highlight how to get a license to start a business, company registration, strategic business plan, selecting place for industry, management of supply chain, accounting, business expansion and procedures of wind-up, he further added.

Abida Islam, Ambassador of Bangladesh in Seoul, South Korea said NRBs are contributing a lot in building Bangladesh.

She said skills upgrade the workers and make them up-to-date that helps them become more competitive to earn more. In the world, the demand of Bangladeshi skilled workforce is increasing day by day.

At present about 10 thousand Bangladeshis are working in South Korea in different professions. Training on entrepreneurship development will increase their self-confidence, she added.

She said, 'This training will guide them how to start a business in Bangladesh and they will also get self-confidence to invest.'

The New Nation

11 January, 2021

# DCCI, BD Embassy in Seoul jointly conduct entrepreneurship training

**Business Desk**

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) and Bangladesh Embassy in South Korea on Sunday jointly organized a training for the non-resident Bangladeshis staying in South Korea to skill them up to become entrepreneurs if they return to Bangladesh.

The 2-day online training course inaugurated on 10 January 2021, said a press release.

During the inauguration of the training course, DCCI President Rizwan Rahman said that the remittance fighters of Bangladesh working abroad are contributing a lot in the development of our economy.

He said about 13 million NRBs sent a record $ 18.2 billion in 2019-20. He said the purpose of this training course is to train and motivate the NRBs to become entrepreneurs while they return to Bangladesh.

This training course will highlight how to get a license to start a business, company registration, strategic business plan, selecting place for industry, management of supply chain, accounting, business expansion and procedures of wind-up, he added.

দৈনিক
ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া
১১ জানুয়ারি, ২০২১

# প্রবাসী বাংলাদেশিদের বিনিয়োগ ধারণা দিতে ঢাকা চেম্বারের অনলাইন প্রশিক্ষণ

■ ইত্তেফাক রিপোর্ট

প্রবাসী বাংলাদেশিদের নিজ দেশে ব্যবসায়িক কার্যক্রম শুরু ও বিনিয়োগবিষয়ক ধারণা প্রদানের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং দক্ষিণ কোরিয়ায় অবস্থিত বাংলাদেশ দূতাবাস যৌথভাবে আয়োজিত দুই দিনব্যাপী উদ্যোক্তাসংক্রান্ত অনলাইনভিত্তিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান গতকাল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন 'বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেডের (বোয়েসেল)' ব্যবস্থাপনা পরিচালক মো. সাইফুল হাসান বাদল। বিশেষ অতিথি ছিলেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (কনস্যুলার এবং ওয়েলফেয়ার উইং) এফ এম বোরহান উদ্দিন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান। প্রধান অতিথির বক্তব্যে মো. সাইফুল হাসান বাদল বলেন, দক্ষিণ কোরিয়ায় বসবাসরত প্রবাসী বাংলাদেশিরা ইতিমধ্যে নিজেদের দক্ষতার পরিচয় দিয়েছেন, যা বহির্বিশ্বে দেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে। তিনি দক্ষতা অর্জন না করে, বাংলাদেশিদের প্রবাসে না যাওয়ার আহ্বান জানান। বিশেষ অতিথির বক্তব্যে এফ এম বোরহান উদ্দিন বলেন, রেমিট্যান্স আহরণের ক্ষেত্রে বাংলাদেশ সারা পৃথিবীতে ৮ম স্থানে রয়েছে, তবে আরো দক্ষ মানবসম্পদ বিদেশে পাঠানো সম্ভব হলে আমরা বেশি হারে রেমিট্যান্স আহরণে সক্ষম হব। তিনি দেশে ফেরত আসা প্রবাসীদের প্রবাস জীবনের দক্ষতা কাজে লাগানোর ওপর জোরারোপ করেন।

সমাপনী বক্তব্যে দক্ষিণ কোরিয়ায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত আবিদা ইসলাম বলেন, বর্তমানে দক্ষিণ কোরিয়ায় প্রায় ১০ হাজার প্রবাসী বাংলাদেশি রয়েছেন, যারা দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। তিনি জানান, দক্ষিণ কোরিয়া পৃথিবীর উন্নত দেশগুলোর মধ্যে একটি, যারা তথ্যপ্রযুক্তিসহ শিল্পের নানাবিধ খাতে উন্নতির শিখরে রয়েছে, এমতাবস্থায় দক্ষিণ কোরিয়ায় কর্মসংস্থানের সুযোগ তৈরির জন্য প্রবাসী বাংলাদেশিদের দক্ষতা অর্জনের কোনো বিকল্প নেই।

বণিক বার্তা
১১ জানুয়ারি, ২০২১ সমৃদ্ধির সহযাত্রী

# প্রবাসীদের জন্য উদ্যোক্তাসংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন ডিসিসিআইয়ের

প্রবাসী বাংলাদেশীদের নিজ দেশে ব্যবসায়িক কার্যক্রম শুরু ও বিনিয়োগবিষয়ক ধারণা প্রদানের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং দক্ষিণ কোরিয়ায় অবস্থিত বাংলাদেশ দূতাবাস যৌথভাবে আয়োজিত দুই দিনব্যাপী উদ্যোক্তাসংক্রান্ত অনলাইনভিত্তিক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে।

গতকাল আয়োজিত এ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেডের (বোয়েসেল) ব্যবস্থাপনা পরিচালক মো. সাইফুল হাসান বাদল এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (কনস্যুলার এবং ওয়েলফেয়ার উইং) এফএম বোরহান উদ্দিন যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে যোগ দেন।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান আশা প্রকাশ করে বলেন, বাংলাদেশের অব্যাহত প্রবৃদ্ধির অন্যতম নিয়ামক হলো প্রবাসী আয় এবং আমাদের প্রবাসীরা কভিড মহামারীর সময় রেমিট্যান্সপ্রবাহ অব্যাহত রেখেছেন, যা আমাদের অর্থনীতিকে ঘুরে দাঁড়াতে কার্যকর ভূমিকা পালন করেছে।

ডিসিসিআই সভাপতি বলেন, আজকের এ প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে প্রবাসী বাংলাদেশী, যারা দেশে ব্যবসায়িক কার্যক্রম ও বিনিয়োগে আগ্রহী, তাদের জন্য প্রয়োজনীয় তথ্য যেমন লাইসেন্স সংগ্রহ, কোম্পানি রেজিস্ট্রেশন, ব্যবসার কৌশলগত পরিকল্পনা, কারখানার স্থান নির্বাচন, সাপ্লাই চেইন ব্যবস্থাপনা, হিসাবরক্ষণ এবং ব্যবসা সম্প্রসারণ ও ব্যবসা বন্ধকরণ পদ্ধতি ইত্যাদি সম্পর্কে বিস্তারিত ধারণা পাবেন। তিনি এ কার্যক্রমে সহযোগিতা প্রদানের জন্য বাংলাদেশের সিউল দূতাবাসকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

প্রধান অতিথির বক্তব্যে মো. সাইফুল হাসান বাদল বলেন, দক্ষিণ কোরিয়ায় বসবাসরত প্রবাসী বাংলাদেশীরা ইতোমধ্যে নিজেদের দক্ষতার পরিচয় দিয়েছেন, ফলে বহির্বিশ্বে দেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে। তিনি দক্ষতা অর্জন না করে, বাংলাদেশীদের প্রবাসে না যাওয়ার আহ্বান জানান এবং প্রবাসীদের দক্ষতা উন্নয়নে নিজেদের আন্তঃব্যক্তিক যোগাযোগ আরো বৃদ্ধির আহ্বান জানান।

এফএম বোরহান উদ্দিন বলেন, রেমিট্যান্স আহরণের ক্ষেত্রে বাংলাদেশ সারা পৃথিবীতে অষ্টম স্থানে রয়েছে। তবে আরো দক্ষ মানব-সম্পদ বিদেশে পাঠানো সম্ভব হলে, আমরা বেশি হারে রেমিট্যান্স আহরণে সক্ষম হব। এজন্য তিনি প্রবাসীদের দেশে ফেরত এলে প্রবাস জীবনের দক্ষতা কাজে লাগানোর ওপর জোরারোপ করেন।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে দক্ষিণ কোরিয়ায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত আবিদা ইসলাম এবং দক্ষিণ কোরিয়ার বাংলাদেশ দূতাবাসের কমার্শিয়াল কাউন্সিলর ড. মো. মিজানুর রহমান বক্তব্য রাখেন। —বিজ্ঞপ্তি

প্রকাশনার ৬৮ বছর
সংবাদ
বাংলাদেশের মুখপত্র
১১ জানুয়ারি, ২০২১



# ব্যবসা ও বিনিয়োগ বিষয়ে প্রবাসীদের জন্য দুই দিনের প্রশিক্ষণ

অর্থনৈতিক বার্তা পরিবেশক

প্রবাসী বাংলাদেশিদের নিজ দেশে ব্যবসায়িক কার্যক্রম শুরু ও বিনিয়োগবিষয়ক ধারণা প্রদানের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং দক্ষিণ কোরিয়ায় অবস্থিত বাংলাদেশ দূতাবাস যৌথভাবে আয়োজিত দুই দিনের উদ্যোক্তা সংক্রান্ত অনলাইনভিত্তিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান গতকাল অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানে 'বাংলাদেশ ওভারসিজ অ্যামপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেডের (বোয়েসেল)' ব্যবস্থাপনা পরিচালক মো. সাইফুল হাসান বাদল এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (কনস্যুলার এবং ওয়েলফেয়ার উইং) এফএম বোরহান উদ্দিন যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান আশা প্রকাশ করে বলেন, বাংলাদেশের অব্যাহত প্রবৃদ্ধির অন্যতম নিয়ামক হলো প্রবাসী আয় এবং আমরাদের প্রবাসীরা কোভিড মহামারীর সময় রেমিট্যান্স প্রবাহ অব্যাহত রেখেছে, যা আমাদের অর্থনীতিকে ঘুরে দাঁড়াতে কার্যকর ভূমিকা পালন করেছে। ২০১৯-২০ অর্থবছরে ১.৩ কোটি প্রবাসী বাংলাদেশি রেকর্ড পরিমাণ প্রায় ১৮.২ বিলিয়ন মার্কিন ডলার রেমিট্যান্স পাঠিয়েছে। আজকের এ প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে প্রবাসী বাংলাদেশি, যারা দেশে ব্যবসায়িক কার্যক্রম ও বিনিয়োগে আগ্রহী তাদের জন্য প্রয়োজনীয় তথ্য যেমন, লাইসেন্স সংগ্রহ, কোম্পানি রেজিস্ট্রেশন, ব্যবসার কৌশলগত পরিকল্পনা, কারখানার স্থান নির্বাচন, সাপ্লাইচেইন ব্যবস্থাপনা, হিসাবরক্ষণ এবং ব্যবসা সম্প্রসারণ ও ব্যবসা বন্ধকরণ পদ্ধতি ইত্যাদি সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করবে। তিনি এ কার্যক্রমে সহযোগিতা প্রদানের জন্য বাংলাদেশের সিউল দূতাবাসকে ধন্যবাদ জানান।

প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ ওভারসিজ অ্যামপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেডের (বোয়েসেল) ব্যবস্থাপনা পরিচালক মো. সাইফুল হাসান বাদল বলেন, দক্ষিণ কোরিয়ায় বসবাসরত প্রবাসী বাংলাদেশিরা ইতোমধ্যে নিজেদের দক্ষতার পরিচয় দিয়েছেন, যা বহির্বিশ্বে দেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে। তিনি দক্ষতা অর্জন না করে, বাংলাদেশিদের প্রবাসে না যাওয়ার আহ্বান জানান এবং প্রবাসীদের দক্ষতা উন্নয়নে নিজেদের আন্তঃব্যক্তিক যোগাযোগ আরও বৃদ্ধির আহ্বান জানান। সাইফুল হাসান বাদল জানান, দক্ষতা অর্জনপূর্বক প্রবাস গমন নিশ্চিতকল্পে বোয়েসেল ইতোমধ্যে নানাবিধ কার্যক্রম গ্রহণ করেছে এবং এর সাথে সংশ্লিষ্ট সরকারের অন্যান্য সংস্থাসমূহও নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বিশেষ অতিথির বক্তব্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (কনস্যুলার এবং ওয়েলফেয়ার উইং) এফএম বোরহান উদ্দিন বলেন, রেমিট্যান্স আহরণের ক্ষেত্রে বাংলাদেশ সারা পৃথিবীতে ৮ম স্থানে রয়েছে, তবে আরও দক্ষ মানবসম্পদ বিদেশে পাঠানো সম্ভব হলে, আমরা বেশি হারে রেমিট্যান্স আহরণে সক্ষম হব। তিনি প্রবাসীদের দেশে ফেরত আসলে, প্রবাস জীবনের দক্ষতা কাজে লাগানোর ওপর জোরারোপ করেন।

সমাপনী বক্তব্যে দক্ষিণ কোরিয়া নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত আবিদা ইসলাম বলেন, বর্তমানে দক্ষিণ কোরিয়ায় প্রায় ১০ হাজার প্রবাসী বাংলাদেশি রয়েছেন, যারা দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। দক্ষিণ কোরিয়া পৃথিবীর উন্নত দেশগুলোর মধ্যে একটি, যারা তথ্যপ্রযুক্তিসহ শিল্পের নানাবিধ খাতে উন্নতির শিখরে রয়েছে। এমতাবস্থায় দক্ষিণ কোরিয়ায় কর্মসংস্থানের সুযোগ তৈরির জন্য প্রবাসী বাংলাদেশিদের দক্ষতা অর্জনের কোন বিকল্প নেই। এমন বাস্তবতায় তিনি বাংলাদেশিদের প্রবাসে কাজ করার সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সুনির্দিষ্ট খাতের ওপর দক্ষতা অর্জনের ওপর জোরারোপ করেন। রাষ্ট্রদূত বলেন, একজন দক্ষ প্রবাসীর যেমন বিদেশে কাজ করার যথেষ্ট সুযোগ থাকে, তেমনই প্রবাস জীবন শেষে দেশে ফেরত আসলে নিজের কর্মসংস্থানের সুযোগ তৈরির পাশাপাশি ব্যবসায়িক কর্মকাণ্ড চালু করার মাধ্যমে অন্যদের কর্মসংস্থানের সুযোগ তৈরি করতে সক্ষম হবেন।

দক্ষিণ কোরিয়ার বাংলাদেশ দূতাবাসের কমার্শিয়াল কাউন্সিলর ড. মো. মিজানুর রহমান অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, যেখানে দক্ষিণ কোরিয়ায় অবস্থিত প্রবাসী বাংলাদেশিসহ বেশকিছু শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

শেয়ার বিজ
The Daily Share Biz
সৃজনের পথে উন্নত স্বদেশ
১১ জানুয়ারি, ২০২১

# ডিসিসিআইয়ের উদ্যোগে অনলাইনভিত্তিক প্রশিক্ষণ

নিজস্ব প্রতিবেদক

প্রবাসী বাংলাদেশিদের নিজ দেশে ব্যবসায়িক কার্যক্রম শুরু ও বিনিয়োগবিষয়ক ধারণা প্রদানের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং দক্ষিণ কোরিয়ায় অবস্থিত বাংলাদেশ দূতাবাস যৌথভাবে দুদিনব্যাপী উদ্যোক্তা-সংক্রান্ত অনলাইনভিত্তিক প্রশিক্ষণ কোর্স শুরু করেছে। গতকাল এ প্রশিক্ষণ উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেডের (বোয়েসেল ব্যবস্থাপনা পরিচালক মো. সাইফুল হাসান বাদল। বিশেষ অতিথি ছিলেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (কনস্যুলার এবং ওয়েলফেয়ার উইং) এফএম বোরহান উদ্দিন।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান আশা প্রকাশ করে বলেন, বাংলাদেশের অব্যাহত প্রবৃদ্ধির অন্যতম নিয়ামক হলো প্রবাসী আয় এবং আমাদের প্রবাসীরা কভিড মহামারির সময় রেমিট্যান্স প্রবাহ অব্যাহত রেখেছে, যা আমাদের অর্থনীতিকে ঘুরে দাঁড়াতে কার্যকর ভূমিকা পালন করেছে। ডিসিসিআই সভাপতি জানান, ২০১৯-২০ অর্থবছরে ১ কোটি ৩০ লাখ প্রবাসী বাংলাদেশি রেকর্ড পরিমাণ প্রায় ১৮ দশমিক ২ বিলিয়ন মার্কিন ডলার রেমিট্যান্স পাঠিয়েছে। তিনি বলেন, এ প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে প্রবাসী বাংলাদেশি, যার দেশে ব্যবসায়িক কার্যক্রম ও বিনিয়োগে আগ্রহী তাদের জন্য প্রয়োজনীয় তথ্য সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করবে।

সাইফুল হাসান বাদল বলেন, দক্ষিণ কোরিয়ায় বসবাসরত প্রবাসী বাংলাদেশিরা ইতোমধ্যে নিজেদের দক্ষতার পরিচয় দিয়েছেন, যা বহির্বিশ্বে দেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে। তিনি দক্ষতা অর্জন না করে, বাংলাদেশিদের প্রবাসে না যাওয়ার আহ্বান জানান এবং প্রবাসীদের দক্ষতা উন্নয়নে নিজেদের আন্তঃব্যক্তিক যোগাযোগ আরও বৃদ্ধির আহ্বান জানান।

অনুষ্ঠানে আরও অংশ নেন দক্ষিণ কোরিয়া নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত আবিদা ইসলাম ও কমার্শিয়াল কাউন্সিলর ড. মো. মিজানুর রহমান।

The Daily Shomoyer Alo
সময়ের আলো
সত্য প্রকাশে আপোসহীন

### ডিসিসিআইয়ের প্রশিক্ষণ কোর্সে বক্তারা

# প্রবাসফেরতদের দক্ষতা কাজে লাগাতে হবে

■ নিজস্ব প্রতিবেদক

রেমিট্যান্স আহরণের ক্ষেত্রে বাংলাদেশ সারাবিশ্বে অষ্টম স্থানে রয়েছে। তবে আরো দক্ষ মানবসম্পদ বিদেশে পাঠানো সম্ভব হলে আরও বেশি হারে রেমিট্যান্স আহরণে সক্ষম হবে বাংলাদেশ। তবে প্রবাসীরা দেশে ফেরত এলে, প্রবাস জীবনের দক্ষতা কাজে লাগানোর ওপর জোর দেওয়া দরকার। প্রবাসী বাংলাদেশিদের নিজ দেশে ব্যবসায়িক কার্যক্রম শুরু ও বিনিয়োগ বিষয়ক ধারণা প্রদানের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং দক্ষিণ কোরিয়ায় অবস্থিত বাংলাদেশ দূতাবাস যৌথভাবে আয়োজিত অভিবাসী উদ্যোক্তা সংক্রান্ত অনলাইনভিত্তিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন। রোববার অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সে বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেডের (বোয়েসেল) ব্যবস্থাপনা পরিচালক মো. শহিদুল হাসান বাবুল এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (কনস্যুলার এবং ওয়েলফেয়ার উইং) একেএম মোহসাউদ্দিন যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।



অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান আশা প্রকাশ করে বলেন, বাংলাদেশের অব্যাহত প্রবৃদ্ধির অন্যতম নিয়ামক হলো প্রবাসী আয় এবং আমাদের প্রবাসীরা কোভিড মহামারিকালেও রেমিট্যান্স প্রবাহ অব্যাহত রেখেছে, যা আমাদের অর্থনীতিকে ঘুরে দাঁড়াতে কার্যকর ভূমিকা পালন করেছে। ডিসিসিআই সভাপতি জানান, ২০১৯-২০ অর্থবছরে ১.৩ কোটি প্রবাসী বাংলাদেশি রেকর্ড পরিমাণ প্রায় ১৮.২ বিলিয়ন মার্কিন ডলার রেমিট্যান্স পাঠিয়েছে। তিনি বলেন, আমাদের এ প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে প্রবাসী বাংলাদেশি, যারা দেশে ব্যবসায়িক কার্যক্রম ও বিনিয়োগে আগ্রহী তাদের জন্য প্রয়োজনীয় তথ্য যেমন, লাইসেন্স সংগ্রহ, কোম্পানি রেজিস্ট্রেশন, ব্যবসার কৌশলগত পরিকল্পনা, কারখানার স্থান নির্বাচন, সাপ্লাইচেইন ব্যবস্থাপনা, বিপণনকরণ এবং ব্যবসা সম্প্রসারণ, ব্যবসা বন্ধকরণ পদ্ধতি ইত্যাদি সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করবে। তিনি এ কার্যক্রমে সহযোগিতা প্রদানের জন্য বাংলাদেশের সিউল দূতাবাসকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেডের (বোয়েসেল) ব্যবস্থাপনা পরিচালক মো. শহিদুল হাসান বাবুল বলেন, দক্ষিণ কোরিয়ায় বসবাসরত প্রবাসী বাংলাদেশিরা ইতোমধ্যে নিজেদের দক্ষতার পরিচয় দিয়েছেন, যা বহির্বিশ্বে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করেছে। তিনি দক্ষতা অর্জন না করে, বাংলাদেশিদের প্রবাসে না যাওয়ার আহ্বান জানান এবং প্রবাসীদের দক্ষতা উন্নয়নে নিজেদের আন্তঃব্যক্তিক যোগাযোগ আরও বৃদ্ধির আহ্বান জানান। শহিদুল হাসান বাবুল জানান, দক্ষতা অর্জনপূর্বক প্রবাসে গমন নিশ্চিতকল্পে বোয়েসেল ইতোমধ্যে নানাবিধ কার্যক্রম গ্রহণ করেছে এবং এর সঙ্গে সংশ্লিষ্ট সরকারের অন্য সংস্থাগুলোও নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বিশেষ অতিথির বক্তব্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (কনস্যুলার এবং ওয়েলফেয়ার উইং) একেএম মোহসাউদ্দিন বলেন, রেমিট্যান্স আহরণের ক্ষেত্রে বাংলাদেশ সারাবিশ্বে অষ্টম স্থানে রয়েছে। তবে আরও দক্ষ মানবসম্পদ বিদেশে পাঠানো সম্ভব হলে, আমরা বেশি হারে রেমিট্যান্স আহরণে সক্ষম হবো। তিনি প্রবাসীদের দেশে ফেরত এলে, প্রবাস জীবনের দক্ষতা কাজে লাগানোর ওপর জোরারোপ করেন।

সভাপতির বক্তব্যে দক্ষিণ কোরিয়া নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত আবিদা ইসলাম বলেন, বর্তমানে দক্ষিণ কোরিয়ায় প্রায় ১০ হাজার প্রবাসী বাংলাদেশি রয়েছে, যারা দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তিনি জানান, দক্ষিণ কোরিয়া পৃথিবীর উন্নত দেশগুলোর মধ্যে একটি, যারা তথ্য-প্রযুক্তিসহ শিল্পের নানাবিধ খাতে উন্নতির শিখরে রয়েছে। এ অবস্থায় দক্ষিণ কোরিয়ায় কর্মসংস্থানের সুযোগ তৈরির জন্য প্রবাসী বাংলাদেশিদের দক্ষতা অর্জনের কোনো বিকল্প নেই। এমন বাস্তবতায় তিনি বাংলাদেশিদের প্রবাসে কাজ করার সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সুনির্দিষ্ট খাতের ওপর দক্ষতা অর্জনের ওপর জোরারোপ করেন। রাষ্ট্রদূত বলেন, একজন দক্ষ প্রবাসীর যেমন বিদেশে কাজ করার যথেষ্ট সুযোগ থাকে, তেমনই প্রবাস জীবন শেষে দেশে ফেরত এসে নিজের কর্মসংস্থানের সুযোগ তৈরির পাশাপাশি ব্যবসায়িক কর্মকাণ্ড চালু করার মাধ্যমে অন্যদের কর্মসংস্থানের সুযোগ তৈরি করতে সক্ষম হবেন।

দক্ষিণ কোরিয়ায় বাংলাদেশ দূতাবাসের কমার্শিয়াল কাউন্সিলর ড. মো. মিজানুর রহমান অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, যেখানে দক্ষিণ কোরিয়ায় অবস্থিত প্রবাসী বাংলাদেশিসহ বেশকিছু শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

আলোকিত বাংলাদেশ
The Daily Alokito Bangladesh
১১ জানুয়ারি, ২০২১

# প্রবাসীদের জন্য ডিসিসিআইর উদ্যোক্তা প্রশিক্ষণ

● নিজস্ব প্রতিবেদক

প্রবাসী বাংলাদেশিদের দেশে ব্যবসায়িক কার্যক্রম শুরু ও বিনিয়োগ বিষয়ক ধারণা প্রদানে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং দক্ষিণ কোরিয়ায় অবস্থিত বাংলাদেশ দূতাবাস যৌথভাবে আয়োজিত দুই দিনব্যাপী উদ্যোক্তা সংক্রান্ত অনলাইনভিত্তিক প্রশিক্ষণ কোর্স আয়োজন করেছে। গতকাল রোববার প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেডের (বোয়েসেল) ব্যবস্থাপনা পরিচালক মো. সাইফুল হাসান বাদল। বিশেষ অতিথি ছিলেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (কনস্যুলার এবং ওয়েলফেয়ার উইং) এফএম বোরহান উদ্দিন। দক্ষিণ কোরিয়া নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত আবিদা ইসলাম ও ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান অনুষ্ঠানে অংশ নেন। অনুষ্ঠানের ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান আশা বলেন, বাংলাদেশের অব্যাহত প্রবৃদ্ধির অন্যতম নিয়াক হলো প্রবাসী আয়। প্রবাসীরা কোভিড মহামারির সময় রেমিট্যান্স প্রবাহ অব্যাহত রেখেছে, যা দেশের অর্থনীতিকে ঘুরে দাঁড়াতে ভূমিকা রাখছে। ২০১৯-২০ অর্থবছরে ১.৩ কোটি প্রবাসী বাংলাদেশি রেকর্ড পরিমাণ প্রায় ১৮.২ বিলিয়ন মার্কিন ডলার রেমিটেন্স পাঠিয়েছে। এ প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে প্রবাসী বাংলাদেশি, যার দেশে ব্যবসায়িক কার্যক্রম ও বিনিয়োগে আগ্রহী তাদের জন্য প্রয়োজনীয় তথ্য যেমন; লাইসেন্স সংগ্রহ, কোম্পানি রেজিস্ট্রেশন, ব্যবসার কৌশলগত পরিকল্পনা, কারখানার স্থান নির্বাচন, সাপ্লাইচেইন ব্যবস্থাপনা, হিসাবরক্ষণ এবং ব্যবসা সম্প্রসারণ ও ব্যবসা বন্ধকরণ পদ্ধতি ইত্যাদি সম্পর্কে বিস্তারিত ধারণা পাবেন। প্রধান অতিথির বক্তব্যে বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালক মো. সাইফুল হাসান বাদল বলেন, দক্ষতা অর্জন না করে কেউ যেন প্রবাসে না যায়।